



ক্যাপশন নিউজ : ০১ আগস্ট ২০২১, গাজীপুর। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে নবনিযুক্ত প্রো-উপাচার্য অধ্যাপক ড. মাহবুবা নাসরীন আজ রবিবার ০১ আগস্ট ২০২১ ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ূন আখতার, প্রো-উপাচার্য অধ্যাপক ড. নাসিম বানু, ট্রেজারার অধ্যাপক ড. মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা. শফিকুল আলম, ডিন, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অতঃপর নবনিযুক্ত প্রো-উপাচার্য, উপাচার্য ও অন্যান্যদের নিয়ে শোকাবহ আগস্টের প্রথম দিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহিদ সদস্যদের বিদেহী আত্মার প্রতি শ্রদ্ধা জানাতে এক মিনিট নীরবতা পালন করেন।

মোঃ কাসেম শিখদার

(আবুল কাসেম শিখদার)

পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি

০১৭১১১৫৭২৩৬